

জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর জুলাই-২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	নাসিমুল গনি সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সভার তারিখ	২২ জুলাই ২০২৫
সভার সময়	সকাল ১০:৩০ টায়
স্থান	সম্মেলনকক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিতি	পরিশিষ্ট-‘ক’

উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই ২১ জুলাই ২০২৫ তারিখে ঢাকা উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে মর্মান্তিক বিমান দুর্ঘটনায় নিহত কোমলমতি ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকাগণ, অভিভাবকবৃন্দ, বিমানের পাইলটসহ নিহত সকল শ্রেণীর জনগণের রুহের মাগফেরাত কামনা করা হয়। বর্ণিত মর্মান্তিক বিমান দুর্ঘটনায় ২২ জুলাই ২০২৫ তারিখে জাতীয় শোক পালন করা হয়। তাঁদের স্মরণে ০১ মিনিট দাঁড়িয়ে নিরবতা পালন করা হয় এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জননিরাপত্তা বিভাগের সকল শাখার পত্রাদি ডি-নথির মাধ্যমে ৮৫% নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করেন। এ মাস থেকে যে সকল শাখা ডি-নথির মাধ্যমে পত্র নিষ্পত্তির ক্ষেত্রে একটু পিছিয়ে আছে, সে সকল শাখার কর্মকর্তা কার্যকরী পদক্ষেপ নিয়ে ৮০% পত্র ডি-নথির মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে। দীর্ঘমেয়াদি অনিষ্পন্ন বিষয়াদি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে দপ্তর/সংস্থায় পত্র প্রেরণের পর বাস্তবায়ন না হলে ১৫ দিন পরপর তাগিদপত্র প্রেরণের উপর গুরুত্বারোপ করেন। অনিষ্পন্ন তালিকা পর্যালোচনায় আন্তঃমন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়গুলো নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করেন। মন্ত্রিপরিষদ বিভাগ এর সিদ্ধান্ত মোতাবেক উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলাগুলো পরীক্ষা-নিরীক্ষা করে Compile করে সলিসিটর অনুবিভাগে প্রেরণ করা করা হয়েছে তাঁর হালনাগাদ অগ্রগতি সভায় অবহিত করার বিষয়ে গুরুত্বারোপ করেন। সভার কার্যবিবরণী কোনো প্রকার পরিবর্তন, পরিমার্জন বা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)কে সভা পরিচালনা করার অনুরোধ জানান। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) প্রশাসন-৩ শাখার উপসচিবকে কার্যপত্র অনুযায়ী আলোচ্যসূচি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করার আহ্বান জানান।

০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জানান যে, সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে আগামী মাসে ন্যূনতম ৮০% পত্রাদি ডি-নথির মাধ্যমে নিষ্পত্তির উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যকে সামনে রেখে ডি-নথির মাধ্যমে পত্র নিষ্পত্তির সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে শাখা/অধিশাখা পর্যায়ে কর্মকর্তাদের সহযোগিতা কামনা করেন। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগে অনলাইন Report Management System (RMS) এর মাধ্যমে প্রেরিত প্রতিবেদনসমূহ নির্ধারিত সময়ের মধ্যে আপলোড এবং জেলা প্রশাসক সম্মেলন, মন্ত্রিসভা-বৈঠক/ উপদেষ্টা পরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং অনিষ্পন্ন বিষয়াদির তথ্য প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখায় প্রেরণ নিশ্চিত করার বিষয়ে আলোচনা করেন। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত Government Employee Management System (GEMS) এ জননিরাপত্তা বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীদের তথ্য নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন।

০৩। যুগ্মসচিব (আইন অধিশাখা) জানান যে, জনসাধারণের সেবা সহজীকরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত ২০১৮) মোতাবেক কার্যক্রম গ্রহণ ও নিষ্পত্তিপূর্বক হালনাগাদ তথ্যাদি সুনির্দিষ্টভাবে উল্লেখসহ জনসচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন মর্মে সভায় গুরুত্বারোপ করেন।

০৪। সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনা হয়। অতঃপর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:


ক্রঃনং	আলোচ্যসূচি ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
8.1	<b>বিগত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ:</b>	জুন-২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী কোনো প্রকার পরিবর্তন, পরিমার্জন বা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়।	--
8.2	<b>অনিষ্পন্ন বিষয়াদি দ্রুত নিষ্পত্তিকরণ:</b>  জননিরাপত্তা বিভাগের যে সকল শাখার দীর্ঘমেয়াদি অনিষ্পন্ন বিষয়াদি রয়েছে তা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে দপ্তর/সংস্থায় পত্র প্রেরণের পর বাস্তবায়ন না হলে ১৫ দিন পরপর তাগিদপত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা	এ বিভাগের যে সকল শাখায় দীর্ঘমেয়াদি অনিষ্পন্ন বিষয়াদি রয়েছে সেগুলো দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে দপ্তর/সংস্থায় পত্র প্রেরণ করতে হবে। প্রয়োজনে ১৫ দিন পরপর তাগিদপত্র প্রেরণ করতে হবে।	অনুবিভাগ প্রধান (সকল)/ শাখা/ অধিশাখার কর্মকর্তাবৃন্দ
8.3	<b>ডি-নথিতে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন সংক্রান্ত:</b>  মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ৮৫% পত্র ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করার বিষয়ে আলোচনা	এ মাস থেকে কমপক্ষে ৮০%পত্রাদি ডি-নথির মাধ্যমে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। যে সকল শাখা ৮০%পত্র ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করতে পারবে না সে সকল শাখার কর্মকর্তাগণ আগামী সভায় তার উপযুক্ত কারন ব্যাখ্যা করতে হবে।	অনুবিভাগ প্রধান (সকল)
8.8	<b>মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়িত অনলাইন Report Management System (RMS) এ তথ্য প্রেরণ সংক্রান্ত কার্যক্রম:</b>  RMS: মন্ত্রিপরিষদ বিভাগে বিভিন্ন রিপোর্ট রিটার্ন প্রেরণের লক্ষ্যে সংশ্লিষ্ট শাখা হতে প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে RMS সিস্টেমের মাধ্যমে তথ্য প্রেরণের ধারাবাহিকতা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা	মন্ত্রিপরিষদ বিভাগে বিভিন্ন রিপোর্ট প্রেরণের লক্ষ্যে দপ্তর/সংস্থা হতে প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে RMS সিস্টেমের মাধ্যমে তথ্য প্রেরণের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান (সকল) ও আইসিটি সেল

<p>8.৫</p>	<p>জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত GEMS এ সকল কর্মকর্তা-কর্মচারীর তথ্য হালনাগাদকরণ সংক্রান্ত:</p> <p>জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত Government Employee Management System (GEMS) এ জননিরাপত্তা বিভাগে কর্মরত সকল কর্মকর্তা/ কর্মচারীর তথ্য নিয়মিত হালনাগাদ বিষয়ক আলোচনা</p>	<p>জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত Government Employee Management System (GEMS) এ জননিরাপত্তা বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের তথ্যাদি নিয়মিত হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>সংশ্লিষ্ট সকল কর্মকর্তা</p>
<p>8.৬</p>	<p>GRS সংক্রান্ত কার্যক্রম:</p> <p>জনসাধারণের সেবা সহজীকরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত ২০১৮) মোতাবেক কার্যক্রম গ্রহণ ও নিষ্পত্তিপূর্বক হালনাগাদ তথ্যাদি সুনির্দিষ্টভাবে উল্লেখসহ GRS বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে আলোচনা</p>	<p>জনসাধারণের সেবা সহজীকরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত ২০১৮) মোতাবেক কার্যক্রম গ্রহণ ও নিষ্পত্তিপূর্বক হালনাগাদ তথ্যাদি সুনির্দিষ্টভাবে উল্লেখসহ জনসচেতনতা বৃদ্ধি কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>আইন ও শৃঙ্খলা অনুবিভাগ</p>
<p>8.৭</p>	<p>জেলা প্রশাসক সম্মেলন, মন্ত্রিসভা-বৈঠক/ উপদেষ্টা পরিষদ বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:</p> <p>জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত এবং মন্ত্রিসভা-বৈঠক বা উপদেষ্টা পরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত প্রেরণের বিষয়ে আলোচনা</p>	<p>জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত এবং মন্ত্রিসভা-বৈঠক/উপদেষ্টা পরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।</p>	<p>অনুবিভাগ প্রধান (সকল)/ প্রশাসন-৩ শাখা</p>

<p>8.৮</p>	<p><b>আইন ও বিধি সংক্রান্ত কার্যক্রম:</b></p> <ul style="list-style-type: none"> <li>• ‘বংগীয় প্রকাশ্য জুয়া আইন-১৮৬৭’ এর খসড়া অধ্যাদেশটি চূড়ান্তকরণের লক্ষ্যে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে ২১/০৪/২৫ তারিখ একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক অধ্যাদেশটিতে কিছু সংশোধন/সংযোজনপূর্বক অধ্যাদেশের একটি খসড়া চূড়ান্ত করা হয়। সে মোতাবেক খসড়া অধ্যাদেশটির বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য গত ০১/০৬/২০২৫ খ্রি. মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ জুয়া আইনের বিষয়ে কিছু ধারা সংশোধনের সুপারিশ করে কার্যবিবরণী এ বিভাগে প্রেরণ ও কার্যক্রম গ্রহণ পরবর্তী আলোচনা</li> <li>• ‘টাউট আইন-১৮৭৯’সহ জননিরাপত্তা বিভাগ সংশ্লিষ্ট যে সকল আইন-বিধি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ফেরত প্রদান করা হয়েছে। উক্ত আইনসমূহ পুনরায় যাচাই-বাছাইপূর্বক অধ্যাদেশ আকারে মন্ত্রিপরিষদ বিভাগের আইন-প্রণয়ন সংক্রান্ত কমিটি বরাবরে খসড়া অধ্যাদেশটি প্রেরণ বিষয়ে আলোচনা</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>• মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বংগীয় প্রকাশ্য জুয়া আইন-১৮৬৭’ এর খসড়া অধ্যাদেশটির কিছু ধারা সংশোধনের সুপারিশের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করে আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে।</li> <li>• ‘টাউট আইন-১৮৭৯’সহ জননিরাপত্তা বিভাগ সংশ্লিষ্ট যে সকল আইন-বিধি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ফেরত প্রদান করা হয়েছে সে সকল আইনসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী পুনরায় যাচাই-বাছাইপূর্বক অধ্যাদেশ আকারে মন্ত্রিপরিষদ বিভাগের আইন-প্রণয়ন সংক্রান্ত কমিটি বরাবর প্রেরণ করতে হবে।</li> </ul>	<p>অতিরিক্ত সচিব (সকল)</p>
------------	---	---	--------------------------------

<p>৪.৯</p>	<p><b>উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা সংক্রান্ত:</b></p> <p>মন্ত্রিপরিষদ বিভাগ এর সিদ্ধান্ত মোতাবেক উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরীক্ষা-নিরীক্ষা করে Compile করে সলিসিটর অনুবিভাগে প্রেরণ এবং উক্ত বিষয়ে হালনাগাদ অগ্রগতি সভায় অবহিত করার বিষয়ে আলোচনা</p>	<p>মন্ত্রিপরিষদ বিভাগ এর সিদ্ধান্ত মোতাবেক উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট যে সকল মামলা পরীক্ষা-নিরীক্ষা করে Compile করে সলিসিটর অনুবিভাগে প্রেরণ করা হয়েছে। সলিসিটর অনুবিভাগ ইতোমধ্যে আদালতের নজরে নেয়ার জন্য মামলাসমূহ অ্যাটর্নী জেনারেল এর কার্যালয়ে প্রেরণ করেছে। অ্যাটর্নী জেনারেল এর কার্যালয়ে সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</p>	<p>আইন ও শৃঙ্খলা অনুবিভাগ</p>
<p>৪.১০</p>	<p><b>মোবাইল কোর্ট আইন, ২০০৯' -এর তফসিলভুক্ত দন্ডবিধি, ১৮৬০:</b></p> <p>মোবাইল কোর্ট আইন, ২০০৯' -এর তফসিলভুক্ত দন্ডবিধি, ১৮৬০-এর নিম্নোক্ত ধারাসমূহের আওতায় অর্থদন্ড বর্তমান বাস্তবতার নিরিখে যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করতে হবে।</p> <p>ধারাসমূহ হলো- 171, 160:(জ), 171(ঝ), 183, 184, 186, 187, 188, 273, 274, 275, 276, 290, 357, 358 বিষয়ে আলোচনা</p>	<p>মোবাইল কোর্ট আইন, ২০০৯' -এর তফসিলভুক্ত দন্ডবিধি, ১৮৬০-এর নিম্নোক্ত ধারাসমূহের আওতায় অর্থদন্ড বর্তমান বাস্তবতার নিরিখে যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করতে হবে। বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের হওয়ায় উক্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।</p> <p>ধারাসমূহ হলো- (171, 160:(জ), 171(ঝ), 183, 184, 186, 187, 188, 273, 274, 275, 276, 290, 357, 358)</p>	<p>আইন ও শৃঙ্খলা অনুবিভাগ</p>

০৫। সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে মন্ত্রণালয়ের কার্যক্রমকে আরও গতিশীল করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৫-০৭-২০২৫

নাসিমুল গনি

সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র  
মন্ত্রণালয়

+৮৮০২২২৩৩৫৩৭১০ (ফোন)

secretary@mhapsd.gov.bd

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ  
২৫ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.০২১.০৬.০০০১.১৮.৫২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অনুবিভাগ প্রধান (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ২। যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৩। উপসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ।
- ৬। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the name and title.

২৬-০৭-২০২৫  
সোহানা নাসরিন  
উপসচিব